# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
রাজশাহী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, সপুরা, রাজশাহী-৬২০৩।
টেলিফোনঃ ০২৫৮৮৮৬১৯৮৮
Website: www.bwdb.gov.bd; www.bwdb.rajshahi.gov.bd
E-mail: xen.rajshahi@gmail.com; xen.rajshahi@bwdb.gov.bd


স্মারক নং-টি-৬/৬২০০ তারিখ: ০১/০৭/২০২৫

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩.০০ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ২০২৫-২৬ অর্থ বৎসরের জন্য নতুন ঠিকাদার তালিকাভূক্তি ও তালিকাভূক্ত ঠিকাদারদের নবায়নের আবেদন করা যাবে।

১। তালিকাভূক্ত ঠিকাদার/সরবরাহকারী নবায়নের তফসিল (কার্য ও পণ্য)ঃ

| ক্রঃ নং | নবায়নের আবেদন গ্রহণের শুরুর তারিখ | নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|
| ০১। | ০১/০৭/২০২৫ খ্রিঃ | ৩০/০৯/২০২৫ খ্রিঃ |

২। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তির আবেদনের তফসিল (কার্য ও পণ্য)ঃ

| ক্রঃ নং | ঠিকাদার/সরবরাহকারী আবেদন গ্রহণের শুরুর তারিখ | ঠিকাদার/সরবরাহকারী আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|
| ০১। | ০১/০৭/২০২৫ খ্রিঃ | ৩০/০৯/২০২৫ খ্রিঃ |

## শর্তাবলী

০১। তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার ০১ (এক) টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে। নবায়নের ক্ষেত্রে ঠিকাদার তালিকাভূক্তির রেজিস্ট্রেশন বই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

০২। ঠিকাদার নতুন তালিকভূক্তি/নবায়নের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদন গ্রহণ শুরুর তারিখ হতে জমাদানের শেষ তারিখের মধ্যে হতে হবে। ব্যাংক সলভেন্সি সনদপত্রে অবশ্যই ব্যাংকের ই-মেইল এ্যাড্রেস থাকতে হবে।

০৩। আবেদনের সাথে বৈধ ট্রেড লাইসেন্স এবং BIN Certificate জমা প্রদান করতে হবে।

০৪। ২০২৪-২৫ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমাণক আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

০৫। আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

০৬। বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত টাকার) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

০৭। ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

০৮। ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের প্রাথমিক অনুমোদন পর নতুন ঠিকাদার তালিকাভূক্তির ক্ষেত্রে তালিকাভূক্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদান করতে হবে।

০৯। ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদান করতে হবে।

০১/০৭/২০২৫
(মোঃ আরিফুর রহমান অঙ্কুর)
নির্বাহী প্রকৌশলী
রাজশাহী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, রাজশাহী।

স্মারক নং-টি-৬/৩২০০ (৫)

তারিখ: ০২/০৭/২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলোঃ-

০১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, রাজশাহী।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা
০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, পানি ভবন, লেভেল-৯, ৭২ গ্রীণরোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় পত্রিকায় প্রকাশের জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করা হলো।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। তালিকাটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৬। জেলা প্রশাসক, রাজশাহী।
০৭। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
০৮। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, লেভেল-৫, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
০৯। নির্বাহী প্রকৌশলী, নওগাঁ/ নাটোর / চাঁপাইনবাবগঞ্জ / বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ পাবনা/ বেড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ পাবনা/ বেড়া।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, রাজশাহী।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
১২। সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
১৩। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১৪। জনাব ------------------------------------------------------------------------------------------।
১৫। দপ্তর কপি।

০২/০৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী
রাজশাহী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, রাজশাহী।